

📖 সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নম্বরঃ ৩৬১৩

১২. কিতাবুস সিয়াম (كتاب الصوم)

পরিচ্ছেদঃ রমযানের সিয়াম ফরয হওয়ার পর এখন একজন ব্যক্তির জন্য আশুরার সিয়াম পালন করা বা না করার এখতিয়ার রয়েছে

ذَكَرُ الْبَيَانِ أَنَّ الْمَرْءَ مُخَيَّرٌ فِي صِيَامِهِ يَوْمَ عَاشُورَاءَ بَعْدَ صَوْمِهِ رَمَضَانَ

আরবী

3613 - أَخْبَرَنَا مُحَمَّدُ بْنُ الْحَسَنِ بْنِ الْخَلِيلِ حَدَّثَنَا عَبْدُ اللَّهِ بْنُ مُعَاوِيَةَ قَالَ: حَدَّثَنَا حَمَّادُ بْنُ سَلَمَةَ عَنْ عُبَيْدِ اللَّهِ بْنِ عُمَرَ عَنْ نَافِعٍ عَنْ ابْنِ عُمَرَ: أَنَّ رَسُولَ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ قَالَ فِي صَوْمِ يَوْمِ عَاشُورَاءَ بَعْدَمَا نَزَلَ صَوْمُ رَمَضَانَ: (مَنْ شَاءَ صَامَهُ وَمَنْ شَاءَ أَفْطَرَهُ)

الراوي : ابن عمر | المحدث : العلامة ناصر الدين الألباني | المصدر : التعليقات الحسان على صحيح ابن حبان
الصفحة أو الرقم: 3613 | خلاصة حكم المحدث: صحيح - ((الصحيحة)) - أيضاً - (2111): ق.

বাংলা

৩৬১৩. আব্দুল্লাহ বিন উমার রাঈয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, তিনি বলেন, “রমযানের সিয়াম অবতীর্ণ হওয়ার পর আল্লাহর রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম আশুরার সিয়াম সম্পর্কে বলেছেন, “যে ব্যক্তি চায়, এই সিয়াম রাখবে আর যে চায়, তা ছেড়ে দিবে।”[1]

ফুটনোট

[1] মুসনাদ আহমাদ: ২/৫৭; মুসান্নাফ ইবনু আবী শায়বাহ: ৩/৫৫; সহীহুল বুখারী: ৪৫০১; মুসলিম: ১১২৬; আবু দাউদ: ২৪৪৩; সহীহ ইবনু খুযাইমাহ: ২০৮২; সুনান বাইহাকী: ২/২৮৯; দারেমী: ২/২২; মুসান্নাফ আব্দুর রাযযাক: ৭৮৪৮; তাহাবী: ২/৭৬।

হাদীসটিকে আল্লামা শুআইব আল আরনাউত রহিমাহুল্লাহ সহীহ বলেছেন। আল্লামা নাসির উদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (সহীহাহ: ২১১১)

হাদিসের মান: সহীহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি □ বর্ণনাকারীঃ আবদুল্লাহ ইবন উমর (রাঃ)

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=92949>

📖 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন